



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন,

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ০২২২৩৩৮৩৫৩৫

ইমেইল: dgmcscd@krishibank.org.bd

## প্রকিউরমেন্ট বিভাগ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পবিত্র রমজান মাস ও আসন্ন ঈদের ছুটিতে ব্যাংকের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত  
সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নবর্ণিত বিষয়গুলো যথাযথ পরিপালনের নির্দেশনা  
প্রদান করা হলোঃ

০২। পবিত্র রমজান মাস ও আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ  
স্থাপনাগুলোর সার্বিক নিরাপত্তা জোরদার করার জন্য ব্যাংকের সকল শাখা/উপশাখা/কার্যালয়/এটিএম বুথে সার্বক্ষণিক  
বেসরকারি নিরাপত্তা প্রহরীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। সকল শাখা ব্যবস্থাপক/সিআরএম/আরএম/বিভাগীয় কার্যালয়  
প্রধানদের ছুটির দিনসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হওয়ার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে রোস্টারিং এর  
মাধ্যমে কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাংকের সকল শাখা/উপশাখা/কার্যালয়/এটিএম  
বুথের নিরাপত্তা সুনিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমে পালাক্রমে তদারকির ব্যবস্থা গ্রহণের মাধ্যমে নিরাপত্তা  
ব্যবস্থা জোরদার করতে হবে। এছাড়াও ব্যাংকের সকল শাখা/উপশাখা/কার্যালয়/এটিএম বুথের নিকটবর্তী থানা অর্থাৎ পুলিশ  
স্টেশন, র‍্যাব অফিস ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে সর্বোচ্চ নিরাপত্তা  
নিশ্চিত করার জন্য অনুমোদনক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

০৩। বিষয়টি নিরাপত্তা সংশ্লিষ্ট এবং অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


  
(মোঃ আব্দুস সামাদ)  
উপমহাব্যবস্থাপক

পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬(খ)/২০২৩-২০২৪/১৪২৫(১২৫০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। উপমহাব্যবস্থাপক, আইসিটি  
সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য  
অনুরোধ করা হলো।
- ০৫। অফিস কপি।

তারিখঃ ২৮.০৩.২০২৪ খ্রি.

  
(মোঃ হোসাইন আহমেদ শামীম)  
সহকারী মহাব্যবস্থাপক